



২১ জানুয়ারি ২০১৮

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

### প্রেস রিলিজ

#### **শ্রমিক কল্যাণ তহবিলে ৮৭ লাখ টাকা দিল আঙগঞ্জ পাওয়ার স্টেশন**

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে ৮৭ লক্ষ ৪৮ হাজার ৮৭৪ টাকা প্রদান করেছে আঙগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড। গত বৃহস্পতিবার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে অধিদপ্তরের মহাপরিদর্শক জনাব মোঃ সামুজ্জামান ভূইয়ার হাতে কোম্পানির কর্মকর্তারা চেক তুলে দেন।

চেক হস্তান্তর অনুষ্ঠানে অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক ড. আনোয়ার উল্ল্যাহসহ শীর্ষস্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আঙগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড-এর আট সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক এএমএম সাজাদুর রহমান।

**ছবির ক্যাপশন:** কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক জনাব মোঃ সামুজ্জামান ভূইয়ার হাতে চেক তুলে দিচ্ছেন আঙগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিমিটেড-এর পদস্থ কর্মকর্তাগণ।

---

**আরো তথ্যের জন্য:**

মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, মোবাইল: ০১৯১৮৬৩০১৯৩, ই-মেইল: forkanahsan@gmail.com